অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/19/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে সপ্তম অঞ্চল আগামীকাল থেকে পুনরায় খোলার জন্য বেঞ্চমার্কে পৌঁছেছে

রাজধানী অঞ্চল পশ্চিম নিউ ইয়র্ক, মধ্য নিউ ইয়র্ক, দেশের উত্তর অংশ, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহাক উপত্যকা অঞ্চলের সাথে যোগ হয়েছে, যা পুনরায় শুরু করার জন্য প্রয়োজনীয় সাতটি মেট্রিক্স পূরণ করেছে

নাসাও কাউন্টি এখন ইলেক্টিভ সার্জারি এবং অ্যাম্বুলেটরি কেয়ার পুনরায় চালু করার উপযুক্ত হয়েছে

সমগ্র স্টেটের 16টি হাসপাতালে দুই সপ্তাহের পরিদর্শন কার্যক্রম বাস্তবায়নের জন্য GNYHA & HANYS এর সাথে যৌথ উদ্যোগের ঘোষণা দেওয়া হয়েছে যাতে পরিবারের সদস্যদের জন্য বর্ধিত আকারে পরিদর্শনের অনুমোদন করা যায়

স্টেট 10 জন বা তার কম ব্যক্তি নিয়ে মেমোরিয়াল ডে অনুষ্ঠানের অনুমতি দেবে

FDA-কে আহ্বান জানানো হচ্ছে যে ফার্মাসিউটিক্যাল কর্পোরেশন একটি COVID-19 ভ্যাকসিন উৎপাদন করছে তাদেরকে নিশ্চিত করতে হবে যে তারা যেন অবিলম্বে ঐ ভ্যাকসিন ব্যাপক বন্টনের অধিকারও প্রকাশ করে

নিউ ইয়র্ক স্টেটে আরো 1,474 জন করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা স্টেটব্যাপী 42 কাউন্টিতে নতুন আক্রান্তের ঘটনাসহ মোট আক্রান্তের সংখ্যাকে 352,845-তে নিয়ে আসে

চলমান COVID-19 মহামারির মধ্যে, গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে রাজধানী অঞ্চল কাল থেকে শুরু হওয়া এই স্টেটের আঞ্চলিকভাবে পর্যায়ক্রমে পুনরায় খোলার সাতটি মেট্রিক্সের সব কটি পূরণ করেছে, যার ফলে রাজধানী অঞ্চল পশ্চিম নিউ ইয়র্ক, মধ্য নিউ ইয়র্ক, দেশের উত্তর অংশ, ফিঙ্গার লেকস, সাউদার্ন টায়ার এবং মোহাক উপত্যকা অঞ্চলের সাথে যুক্ত হয়েছে। রাজধানী অঞ্চল এখন স্টেটের নির্দেশিকা পূরণের জন্য যথেষ্ট কন্টাক্ট ট্রেসারকে চিহ্নিত করেছে, এবং পশ্চিম নিউ ইয়র্ক ফেজ ওয়ান-এ প্রবেশের প্রস্তুতির জন্য ট্রেসারদের আজ প্রশিক্ষণ দেওয়া হচ্ছে, এই প্রথম ধাপে চালু করা ব্যবসার মধ্যে রয়েছে নির্মাণকাজ; উত্পাদন এবং পাইকারি

সরবরাহ চেইন; কার্বসাইড পিকআপ এবং ড্রপ- অফ বা ইন-স্টোর পিক আপের খুচরা ব্যবসা; আর কৃষি, বন ও মাছের ব্যবসা। রাজ্যের পুনরায় খোলার পরিকল্পনার জন্য ব্যবসায়িক নির্দেশনা এখানেপাওয়া যাবে। স্টেটের "NY ফরওয়ার্ড রিওপেনিং" ("NY Forward Reopening") এই পরিকল্পনার একটি নির্দেশিকা এখানে পাওয়া যায়। স্টেটের রিজিওনাল মনিটরিং ড্যাশবোর্ড এখানে পাওয়া যায়।

গভর্নর কুওমো আরো ঘোষণা করেছেন যে নাসাও কাউন্টি এখন ইলেক্টিভ সার্জারি এবং অ্যাম্বুলেটরি কেয়ার পুনরায় চালু করার যোগ্য। গভর্নর আগে ঘোষণা করেছিলেন যে COVID-19 এর বৃদ্ধির উল্লেখযোগ্য ঝুঁকি নেই এমন কাউন্টিগুলি ও হাসপাতালগুলিতে অনতিবিলম্বে ইলেক্টিভ আউটপেশেন্ট ট্রিটমেন্ট পুনরায় শুরু হবে এবং মোট 50টি কাউন্টি এখন ইলেক্টিভ সার্জারি পুনরায় শুরু করতে পারবে:

এছাড়াও গভর্নর গ্রেটার নিউইয়র্ক হসপিটাল অ্যাসোসিয়েশন (Greater New York Hospital Association, GNYHA) এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবা সংস্থার (Healthcare Association of New York State, HANYS) সাথে যৌথ উদ্যোগে পরিবারের সদস্য ও প্রিয়জনদের জন্য বর্ধিত পরিদর্শনের সুযোগ অনুমোদন করার জন্য সারা স্টেটের 16টি হাসপাতালে দুই সপ্তাহের হাসপাতাল পরিদর্শনের পাইলট প্রোগ্রাম বাস্তবায়নের ঘোষণা দেন। পাইলট প্রোগ্রামের অংশ হিসাবে, ভিজিট সময় সীমিত হবে এবং দর্শনার্থীদের ব্যক্তিগত সুরক্ষামূলক সামগ্রী (Personal Protective Equipment, PPE) প্রদান করা হবে এবং অবশ্যই সেগুলো পরিধান করতে হবে এবং উপসর্গ এবং তাপমাত্রা পরীক্ষা সাপেক্ষে এই পরিদর্শনের অনুমোদন দেওয়া হবে।

গভর্নর আরও ঘোষণা করেন, স্থানীয় সরকারের কাছে অনুষ্ঠান করার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নিয়ে স্টেট 10 জনের বা তার কম ব্যক্তির সমাগমে মেমোরিয়াল ডে অনুষ্ঠান (Memorial Day ceremonies) করার অনুমতি দেবে। গভর্নর মেমোরিয়াল ডে অনুষ্ঠানে বীর সৈনিকদের সম্মানে গাড়ি বহরের মাধ্যমে প্যারেড করতেও উৎসাহিত করেন।

গভর্নর আরও জানান যে, খাদ্য এবং ঔষধ প্রশাসন (Food and Drug Administration, FDA)-কে আহ্বান জানানো হচ্ছে যে ফার্মাসিউটিক্যাল কর্পোরেশন একটি COVID-19 ভ্যাকসিন উৎপাদন করছে তাদেরকে নিশ্চিত করতে হবে যে তারা যেন অবিলম্বে ঐ ভ্যাকসিন ব্যাপক বন্টনের অধিকারও প্রকাশ করে যাতে প্রতিটি ব্যক্তির কাছে ঐ ভ্যাকসিন সহজ প্রাপ্য হয়।

"স্টেট জুড়ে যত অঞ্চল ও ব্যবসা-বাণিজ্য খুলে যাওয়ার যোগ্য হয়ে উঠছে, নিউ ইয়র্কের বাসিন্দারা ততই উত্তেজিত হচ্ছে, কিন্তু আমরা যে কঠিন পরিশ্রম করেছি এবং গত দুই মাস ধরে যে বেদনা অনুভব করেছি, তা ভুলে গেলে চলবে না," **গভর্নর কুওমো বলেন।** "যা কিছু আমরা করেছি- বন্ধ ঘোষণা, সামাজিক দূরত্ব বজায় রাখা এবং অন্যান্য ব্যবস্থা- তা কঠিন কিন্তু প্রয়োজন ছিল, আর এর কারণে আমরা প্রাণ বাঁচিয়েছি এবং আমরা আক্রান্তের হারে ভারসাম্য রাখতে পেরেছিলাম। যদি আপনি বাকি জাতির তুলনায় নিউ ইয়র্কের বক্ররেখার দিকে তাকান, আমরা নিচে যাচ্ছি যখন

বক্ররেখা এখনও অন্য অনেক অঞ্চলে উঠে যাচ্ছে। আমরা যেমন খোলা শুরু করেছি এবং এর মাধ্যমে আমরা যে শিক্ষা পেয়েছি তা মনে রাখার জন্য আমাদের সবকিছু চালিয়ে যেতে হবে।"

পরিশেষে, গভর্নর আরও 1,474 জন নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 352,845-তে নিয়ে এসেছে। মোট 352,845 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	1,655	45
Allegany	44	0
Broome	429	6
Cattaraugus	69	2
Cayuga	68	3
Chautauqua	49	0
Chemung	134	0
Chenango	118	0
Clinton	94	0
Columbia	350	4
Cortland	36	1
Delaware	69	0
Dutchess	3,710	158
Erie	5,037	44
Essex	34	1
Franklin	18	0
Fulton	182	0
Genesee	182	2
Greene	214	1
Hamilton	5	0
Herkimer	92	0
Jefferson	71	0
Lewis	18	1
Livingston	111	1
Madison	260	2
Monroe	2,376	73
Montgomery	75	0
Nassau	39,295	70
Niagara	845	27
NYC	193,821	591

Oneida	785	13
Onondaga	1,665	145
Ontario	152	4
Orange	9,988	23
Orleans	168	1
Oswego	89	5
Otsego	67	0
Putnam	1,159	18
Rensselaer	444	0
Rockland	12,798	21
Saratoga	436	2
Schenectady	631	2
Schoharie	48	0
Schuyler	10	0
Seneca	51	0
St. Lawrence	192	0
Steuben	236	1
Suffolk	38,327	103
Sullivan	1,258	12
Tioga	113	0
Tompkins	142	1
Ulster	1,565	8
Warren	235	1
Washington	220	1
Wayne	98	1
Westchester	32,402	79
Wyoming	79	0
Yates	26	1

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন